

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র জেলা জজের কার্যালয়, রংপুর।

অফিস আদেশ :

নং : ১১৫/২০১৭

তারিখ : ১৩/০৭/২০১৭ খ্রিঃ।

বিষয় : কুড়িগ্রাম সহকারী জজ আদালতের অবসরপ্রাপ্ত অফিস সহকারী মৃত সহিদার রহমান এর স্ত্রী মোছাঃ ফজিলাতুন নেছা এর পারিবারিক পেনশন মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র : জেলা জজের কার্যালয়, কুড়িগ্রাম এর গত ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখের খ-৫/১৭-১৭০(২) নং স্মারক।

কুড়িগ্রাম সহকারী জজ আদালতের অবসরপ্রাপ্ত অফিস সহকারী মৃত সহিদার রহমানের বিধবা স্ত্রী মোছাঃ ফজিলাতুন নেছা কর্তৃক জেলা জজের কার্যালয়, কুড়িগ্রাম এর গত ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখের খ-৫/১৭-১৭০(২) নং স্মারক মোতাবেক অবসরভাতা পরিশোধ আদেশ, অবসর ভাতা গ্রহীতার অংশ এবং পারিবারিক পেনশন ফরম ২.২ সহ আনুসঙ্গিক কাগজাদি দাখিল করিয়া পারিবারিক পেনশন মঞ্জুরীর আবেদন করিয়াছেন। তাহার আবেদনের সমর্থনে আবশ্যিকীয় কাগজাদি দাখিল রহিয়াছে। তাহার আবেদনের প্রেক্ষিতে অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তা পেনশন সংক্রান্ত যাবতীয় কাগজাদি পর্যালোচনা করিয়া অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ০১/০৬/১৯৯৪ খ্রিঃ তারিখের স্মারক নং অম/অবি/বিধি/পেনশন/তপি-২৬/৯৪/১৭ এ জারীকৃত ৩.০৫ বিধি মোতাবেক বিধবা স্ত্রীর ক্ষেত্রে পূর্ণবিবাহ না করিলে পূর্ণহারে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্ত হইবেন মর্মে উল্লেখ পূর্বক আবেদনকারী-কে তাহার স্বামীর মৃত্যুর তারিখ অর্থাৎ ১৪/০৯/২০১৬ খ্রিঃ তারিখ হইতে পারিবারিক পেনশন প্রদান করা যাইতে পারে মর্মে প্রতিবেদন দাখিল করিয়াছেন।

এমতাবস্থায়, অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে ও মৃত কর্মচারীর পেনশন বহিসহ আনুসঙ্গিক কাগজাদি যাচাই অন্তে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের গত ০১/০৬/১৯৯৪ খ্রিঃ তারিখের স্মারক নং অম/অবি/বিধি/পেনশন/তপি-২৬/৯৪/১৭ এ জারীকৃত ৩.০৫ বিধি মোতাবেক এবং একই মন্ত্রণালয় এর অর্থ বিভাগ, বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা-১ এর অম/অবি/বিধি-১/৩/পি-২৬/৮৬(অংশ-২)/১৩৫ তারিখ : ০৮-১০-২০০১ খ্রিঃ/২৩-০৬-১৪০৮ বঙ্গাব্দ নং স্মারক মোতাবেক কুড়িগ্রাম সহকারী জজ আদালতের অবসরপ্রাপ্ত অফিস সহকারী মৃত সহিদার রহমান এর বিধবা স্ত্রী মোছাঃ ফজিলাতুন নেছা-কে তাহার স্বামীর প্রাপ্য মাসিক পেনশনের সমপরিমাণ =৩০০০/- (তিন হাজার) টাকা পারিবারিক পেনশন মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।


স্বাক্ষরিত  
( ছমায়ুন কবীর )  
সিনিয়র জেলা জজ  
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং- ১৯/২০১৬- ৩৩১(৭)

তারিখ : ১৩/০৭/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। জেলা ও দায়রা জজ, কুড়িগ্রাম।
- ২। চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর  
(অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর/কুড়িগ্রাম।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৫। জেলা হিসাবরক্ষক কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ৬। বেগম মোছাঃ ফজিলাতুন নেছা, স্বামী মৃত সহিদার রহমান, অবসরপ্রাপ্ত অফিস সহকারী,  
সহকারী জজ আদালত, কুড়িগ্রাম।
- ৭। আদেশ বহি/অফিস ফাইল।

  
( ছমায়ুন কবীর )  
সিনিয়র জেলা জজ  
রংপুর।